

Bengali

# আপনি কি জানেন? সিফিলিস একটি গুরুত্বপূর্ণ সংক্রমণ যা সকলকেই আক্রান্ত করতে পারে।



## পরীক্ষা, চিকিৎসা এবং নিরাময় পান!

চিকিৎসা ছাড়া, সিফিলিস আপনার স্বাস্থ্যের মারাত্মক ক্ষতি করতে পারে।



### আপনার কোনো উপসর্গ নাও থাকতে পারে

যে কেউ সিফিলিস পেতে পারে - এক ধরনের যৌন  
সংক্রমণ (STI)।

আপনি হয়তো জানেন না আপনার সিফিলিস আছে। নিজে  
এবং অন্যদের নিরাপদ রাখতে প্রায়ই পরীক্ষা করুন।



### নিরাপদে থাকুন

সিফিলিস প্রতিরোধের সর্বোত্তম উপায় হল নিরাপদ যৌনতা  
অনুশীলন করা - সর্বদা একটি কনডম ব্যবহার করুন এবং  
জল বা সিলিকন ভিত্তিক লুব্রিকেন্ট ব্যবহার করুন।

সিফিলিস আপনার বা অন্যদের কাছে ফিরে আসা বন্ধ  
করার জন্য যৌন অংশীদারদেরও নিয়মিত পরীক্ষা  
করা উচিত।



### পরীক্ষা, চিকিৎসা এবং নিরাময় পান!

সিফিলিসের চিকিৎসা সহজ।

আপনার ডাক্তারকে জিজ্ঞাসা করুন বা একটি সম্পূর্ণ STI  
পরীক্ষার জন্য একটি মেডিকেল সেন্টারে যান যাতে  
সিফিলিস অন্তর্ভুক্ত থাকে, এমনকি আপনার কোনো লক্ষণ  
না থাকলেও।



### একজন প্রশিক্ষিত নার্সের সাথে কথা বলতে

সেক্সুয়াল হেলথ ইনফো লাইন (SHIL) ফোন করুন  
**1800 451 624** সোমবার-শুক্রবার 09:00 থেকে 5:30pm  
আপনার ভাষায় কথা বলতে **131 450** নম্বরে কল করুন।  
দিনে 24 ঘন্টা, বছরের প্রতিটি দিন  
[www.shil.nsw.gov.au](http://www.shil.nsw.gov.au) ওয়েবসাইটে যান



### গর্ভাবস্থার যত্ন

আপনি যদি গর্ভবতী হন বা সন্তান নেওয়ার পরিকল্পনা  
করেন, তাহলে আপনার শিশুর মধ্যে সিফিলিস না ছড়ায় তা  
নিশ্চিত করার জন্য প্রাথমিক পরীক্ষা করা অতিরিক্ত  
গুরুত্বপূর্ণ।



সিফিলিস সম্পর্কে  
আরও জানতে QR  
ইস্ক্যান করুন।